দৈনিক ইত্তেফাক

MAR. 13 2000

তারিখ ... MAR 13 2000 ...
পৃষ্ঠা ৭ কলাম ৩ ......

# আমরা কি এইচএসসি পরীক্ষা দিতে পারিব না?

আমরা অনেকেই উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হইতে এসএসসি পাস করিয়া কলেজে ভর্তি হইয়া দুই বৎসর নিয়মিত লেখাপড়া করিবার পর স্বাভাবিকভাবেই এইচএসসি পরীক্ষার জন্য প্রস্তুতি নিয়াছি। কিন্তু পরীক্ষার দাখিলা ফরম পূরণের সময় উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এসএসসি বোর্ডের এসএসসি-র সমমানের কিনা-এই অজুহাতে রেজিষ্ট্রেশন নম্বর ইস্যু না করায় বর্তমানে এইচএসসি পরীক্ষায় আমাদের অংশগ্রহণ অনিশ্চিত হইয়া পড়িয়াছে। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, ঢাকা বোর্ড, শিক্ষা মন্ত্রণালয় ইত্যাদি স্থানে ঘুরিতে ঘুরিতে সময় পার হইয়া এইচএসসি পরীক্ষা নিকটবর্তী হইয়া আসিয়াছে। উল্লেখ্য, অত্র কলামে যথাক্রমে ১৭ই ফেব্রুয়ারী, ২২শে ফেব্রুয়ারী 'ও' ৯ই মার্চ প্রকাশিত পত্রসমূহে মাননীয় শিক্ষামন্ত্রী সমীপে আমাদের বক্তব্য ও আবেদন উত্থাপিত হইয়াছে। শেষ পর্যন্ত আমাদের মত ছাত্র-ছাত্রীদের ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় হইতে ইস্যুকৃত সার্কুলারে জানানো হইয়াছে যে, "বিশেষ ব্যবস্থায় বর্ধিত সময়ে এইচএসসি-এর ফরম পূরণের ব্যবস্থা গ্রহণপূর্বক ইচ্ছুক পরীক্ষার্থীদের আগামী ২০০০ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট বোর্ড প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।" কিন্তু উক্ত সার্কুলারে 'সরকার রাজী থাকলে' এইরূপ একটি শর্ত রহিয়াছে। এদিকে এইচএসসি পরীক্ষা দ্বারপ্রান্তে। এমতাবস্থায়, আমরা আসন্ন এইচএসসি পরীক্ষায় যাহাতে অংশগ্রহণ করিতে পারি, সে ব্যাপারে মাননীয় প্রধানমন্ত্রী মহোদয়ের হস্তক্ষেপ কামনা করিতেছি।

সেলিনা আক্তার
তেজগাঁও কলেজ, ঢাকা